



বণিক বার্তা

র্যাংকিংয়ে ঢাবিকে এগিয়ে নিতে বহুমাত্রিক পরিকল্পনা রয়েছে



অধ্যাপক ড. মোহাম্মদ
আলমোজাদ্দেদী আলফেহানী
উপ-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় এখনো দেশের অন্যতম শীর্ষ উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। তবে বিশ্ব র্যাংকিংয়ে আরো এগিয়ে যেতে হলে গবেষণার মানোন্নয়ন, আন্তর্জাতিক প্রকাশনা বৃদ্ধি, আধুনিক গবেষণা অবকাঠামো এবং পর্যাপ্ত অর্থায়ন নিশ্চিত করা অত্যন্ত জরুরি। আমাদের শিক্ষক ও গবেষকদের দক্ষতার কোনো ঘাটতি নেই; মূল চ্যালেঞ্জ হচ্ছে গবেষণায় প্রয়োজনীয় অর্থায়ন ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার কার্যকর বাস্তবায়ন। বর্তমানে বিশ্ববিদ্যালয় কিউএস র্যাংকড ও অন্যান্য আন্তর্জাতিক মানের জার্নালে গবেষণাপত্র প্রকাশে শিক্ষকদের

উৎসাহিত করতে প্রকাশনা সহায়তা হিসেবে সর্বোচ্চ ২ লাখ টাকা পর্যন্ত ভর্তুকি দিচ্ছে। এর মাধ্যমে আন্তর্জাতিক মানের গবেষণা ও প্রকাশনার সংখ্যা বাড়ানোর চেষ্টা করা হচ্ছে।

একই সঙ্গে আমরা একটি সমন্বিত একাডেমিক ডেভেলপমেন্ট প্ল্যান বাস্তবায়নের উদ্যোগ নিয়েছি। এ পরিকল্পনায় আগামী ৫, ১০ ও ২০ বছরের লক্ষ্য নির্ধারণ করে গবেষণা, উদ্ভাবন, আন্তর্জাতিক সহযোগিতা, অবকাঠামো উন্নয়ন এবং একাডেমিক উৎকর্ষ অর্জনের রোডম্যাপ তৈরি করা হচ্ছে। আমাদের বিশ্বাস, পরিকল্পনাগুলো সফলভাবে বাস্তবায়ন করা গেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৈশ্বিক অবস্থান উল্লেখযোগ্যভাবে উন্নত হবে।

গবেষণা অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে একটি নির্ধারিত পদ্ধতি অনুসরণ করা হয়। সাধারণত প্রকল্পের একটি অংশ শুরুতে ছাড় করা হয় এবং অবশিষ্ট অর্থ গবেষণার চূড়ান্ত প্রতিবেদন, হিসাব ও প্রকাশনার শর্ত পূরণের পর প্রদান করা হয়। অনেক সময় আন্তর্জাতিক জার্নালে প্রকাশনার রিভিউ ও সম্পাদনা প্রক্রিয়ায় এক থেকে দেড় বছর বা তারও বেশি সময় লেগে যায়। ফলে কোনো কোনো অর্থবছরে কিছু অর্থ সাময়িকভাবে অব্যয়িত দেখালেও গবেষকরা শর্ত পূরণ করার পর সেই অর্থ যথাযথভাবে ব্যয় করা হয়। কিছু গবেষণা কেন্দ্রে বরাদ্দ থাকা সত্ত্বেও গবেষণা কার্যক্রম প্রত্যাশিত মাত্রায় না হওয়ার বিষয়টিও আমরা গুরুত্বের সঙ্গে দেখছি। এরই মধ্যে এ নিয়ে নীতিনির্ধারণী পর্যায়ে আলোচনা হয়েছে এবং কোথায় প্রশাসনিক বা পদ্ধতিগত সমস্যা রয়েছে তা চিহ্নিত করে সমাধানের উদ্যোগ নেয়া হচ্ছে, যাতে বরাদ্দকৃত অর্থ নির্ধারিত সময়ের মধ্যে কার্যকরভাবে ব্যবহার করা যায়। এছাড়া গবেষণা অনুদানপ্রাপ্ত শিক্ষকদের মানসম্মত প্রকাশনা নিশ্চিত করতে আমরা আরো জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ করছি। ভালো গবেষণা ও আন্তর্জাতিক প্রকাশনা এখন অনুদানের গুরুত্বপূর্ণ শর্তগুলোর একটি। আমাদের লক্ষ্য শুধু অর্থ বরাদ্দ দেয়া নয়, সেই অর্থের মাধ্যমে বিশ্বমানের গবেষণা সৃষ্টি এবং তার আন্তর্জাতিক স্বীকৃতি নিশ্চিত করা।

সরকারের ধারাবাহিক সহযোগিতা, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিকল্পনার বাস্তবায়ন এবং গবেষণায় বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে আগামী বছরগুলোতে ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব র্যাংকিংয়ে আরো ভালো অবস্থানে পৌঁছাবে বলে আমরা আশাবাদী। পাশাপাশি গণমাধ্যম যেসব গঠনমূলক সমালোচনা ও তথ্য তুলে ধরছে, সেগুলোকেও আমরা ইতিবাচকভাবে গ্রহণ করছি এবং প্রয়োজনীয় সংস্কারে তা প্রয়োগ করার চেষ্টা করছি।



NEW AGE



The biomedical physics and technology department of Dhaka University and the BYBIT Limited jointly hold a workshop titled Foot Pressure Scan to Prevent Diabetic Amputation at the Curzon Hall of DU on Sunday. — Press release

DU holds workshop on foot pressure scan

Staff Correspondent

THE biomedical physics and technology department of Dhaka University and the BYBIT Limited jointly held a workshop titled Foot Pressure Scan to Prevent Diabetic Amputation at the Curzon Hall of DU on Sunday.

DU pro-vice-chancellor, academic, Professor Abdus Salam inaugurated the workshop as chief guest, said a press release.

Dean of the faculty of science Professor Md Mofazzal Hossain spoke as special guest while BYBIT president and biomedical physics and technology department honorary professor Khondkar Siddique-e-Rabbani delivered welcome address at the workshop, which was presided over by chairperson of the department KM Talha Nahiyan.



আজকালের খবর



ঢাবি কার্জন হলে 'ফুট প্রেসার স্ক্যান টু প্রেভেন্ট ডায়াবেটিক অ্যাম্পুটেশন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিওলজি বিভাগ এবং বাইবিটি লিমিটেডের যৌথ উদ্যোগে 'Foot Pressure Scan to Prevent Diabetic Amputation' শীর্ষক এক কর্মশালা আজ ২১ জুন ২০২৬ রবিবার কার্জন হলে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালার উদ্বোধন করেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. কে এম তালহা নাহিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুসন্ধান ডিন অধ্যাপক ড. মো. মোফাজ্জল হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাইবিটির সভাপতি অনারারি অধ্যাপক ড. খন্দকার সিদ্দিক-ই রব্বানী স্বাগত বক্তব্য দেন। বারডেম হাসপাতালের ডা. রাশেদুল ইসলাম এবং সিআরপি'র ডা. এস এম ইমরান শোয়েব 'ডায়াবেটিক অ্যাম্পুটেশন' প্রতিরোধে প্রযুক্তির ব্যবহার বিষয়ে প্রেজেন্টেশন দেন। বিভিন্ন হাসপাতাল ও ইনস্টিটিউটের ৩৮ জন চিকিৎসাকর্মী কর্মশালায় অংশগ্রহণ করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম বলেন, ডায়নামিক পেডোমিটার যন্ত্রের সুফল সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। এই যন্ত্রের ব্যবহার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টিতে সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করতে হবে। উল্লেখ্য, ডায়াবেটিসজনিত কারণে রোগীর সম্পূর্ণ পা বা আঙ্গুল কাটা প্রতিরোধ করতে বায়োমেডিকেল ফিজিওলজি বিভাগ ২০১০ সালে স্বল্প খরচে একটি আধুনিক 'কম্পিউটারাইজড ডায়নামিক পেডোমিটার' যন্ত্র উদ্ভাবন করে। এই যন্ত্র-সহ বিভাগের তৈরি করা আরও কিছু গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক যন্ত্র সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য বাইবিটি লিমিটেড প্রতিষ্ঠা করা হয়। এ পর্যন্ত ১৩টি 'কম্পিউটারাইজড ডায়নামিক পেডোমিটার' যন্ত্র বাংলাদেশ, ভারত ও পাকিস্তানে স্থাপন করা হয়েছে। বিজ্ঞপ্তি



The Country Today

DU Curzon Hall hosts workshop on 'Foot Pressure Scan to Prevent Diabetics Amputation'

DU Correspondent

A workshop on 'Foot Pressure Scan to Prevent Diabetic Amputation' was held at Curzon Hall today, Sunday at the joint initiative of the Department of Biomedical Physics and Technology, Dhaka University, and Bybit Limited. The workshop was inaugurated by Professor Dr. Abdus Salam, Pro-Vice Chancellor (Education), Dhaka University, as the chief guest.

The function was presided over by the Departmental Chairman, Prof Dr. K. M. Talha Nahyan, and Dean of the Faculty of Science, Prof Dr. Md. Mofazzal Hossain, spoke as a special guest. Honorary Professor Dr. Khondaker Siddique-e Rabbani, President of BYBIT, delivered the welcome address.

Continued to page 4



DU Curzon Hall

Dr. Rashedul Islam of BIRDEM Hospital and Dr. S. M. Imran Shoaib of CRP gave presentations on the use of technology to prevent 'diabetic amputation'. 38 medical personnel from various hospitals and institutes participated in the workshop. Pro-Vice Chancellor (Education) Prof Dr. Abdus Salam said, "The benefits of the Dynamic Pedograph device must be brought to the doorsteps of the common people. Everyone must work from their respective positions to create public awareness about the use of this device."